

## জামিনদারের অঙ্গীকার এবং জামিনদারি ঋণ

### স্পন্সরশীপ আন্ডারটেকিং বা জামিনদারের অঙ্গীকার বলতে কী বোঝায়?

যখন কোনো কানাডার নাগরিক বা স্থায়ী বাসিন্দা নিজ পরিবারের সদস্যদের স্থায়ী বাসিন্দা হওয়ার লক্ষ্যে জামিনদার হবার জন্য আবেদন করেন তাদের "জামিনদারের অঙ্গীকার" বা স্পন্সরশীপ আন্ডারটেকিং -এ স্বাক্ষর করতে হয়। এটি একটি প্রতিশ্রুতি যা কোনো জামিনদার ইমিগ্রেশন, রিফিউজি এন্ড সিটিজেনশিপ কানাডা (IRCC) বা কানাডার অভিবাসন, শরণার্থী এবং নাগরিক বিভাগকে এই মর্মে প্রদান করে যে তারা যে ব্যক্তির জন্য জামিনদার বা স্পন্সর হচ্ছেন তাকে নির্দিষ্ট সময়ের জন্য আর্থিকভাবে সহায়তা করবেন।

### আন্ডারটেকিং বা অঙ্গীকার কতদিন স্থায়ী হয়?

যেদিন থেকে জামিনপ্রাপক ব্যক্তি স্থায়ী বাসিন্দা (PR) হন সেদিন থেকে স্পন্সরশীপ বা জামিনের আর্থিক দায়িত্ব শুরু হয়। এটি কত সময় স্থায়ী হবে তা নির্ভর করবে যার হয়ে তার জামিন থাকছেন তার উপর।

**দ্রষ্টব্য:** কুইবেকের আবেদনকারীদের জন্য এই অঙ্গীকারের সময়সীমা কিছুটা ভিন্ন। বাকি সবার জন্য অঙ্গীকারের সময়সীমা হলো:

- স্বামী/স্ত্রী, সাধারণ-আইনি সঙ্গী, দাম্পত্য সঙ্গী: ৩ বছর
- নির্ভরশীল সন্তান (জন্মসূত্রে বা দত্তক) বা কানাডায় দত্তক নেওয়া ২২ বছরের কম বয়সী সন্তান: ১০ বছর ধরে বা তাদের বয়স ২৫ বছর হওয়া পর্যন্ত (যেটি আগে ঘটবে)
- ২২ বছর বা তার চেয়ে বেশি বয়সী নির্ভরশীল সন্তান: ৩ বছর
- বাবা-মা বা দাদা-দাদি: ২০ বছর
- অন্য কোনো আত্মীয়: ১০ বছর

## আপনি নিম্নলিখিত পরিস্থিতির মধ্য দিয়ে গেলেও অঙ্গীকার অব্যাহত থাকবে:

- যে ব্যক্তির হয়ে জামিন দেওয়া হচ্ছে সে কানাডার নাগরিক হয়ে যায়
- জামিনপ্রাপক ব্যক্তির সাথে সম্পর্ক পরিবর্তিত হয় (উদাহরণস্বরূপ, বিবাহবিচ্ছেদ বা বিচ্ছেদ)
- জামিনদার বা স্পন্সর চাকরি হারান বা ঋণগ্রস্ত হয়ে পড়েন
- জামিনপ্রাপক ব্যক্তি PR হয়ে যাওয়ার পরে জামিনদার তাদের জামিনদারির আবেদন প্রত্যাহার করার চেষ্টা করে
- এমনকি অবমাননা করা হলেও এই অঙ্গীকার অব্যাহত থাকবে। জামিনদার জামিনপ্রাপক ব্যক্তি কর্তৃক অবমাননার শিকার হলেও এবং সম্পর্ক ভেঙ্গে গেলেও জামিনদারের (যিনি দুর্ব্যবহারের শিকার হতে পারেন) জন্য অঙ্গীকার অব্যাহত থাকবে। সংশ্লিষ্ট ব্যক্তি ইতোমধ্যেই স্থায়ী বাসিন্দা বা PR-এর মর্যাদা পেয়ে গেলে এটি বাতিল করা যাবে না।

### উদাহরণস্বরূপ:

ধ্রুব তার স্ত্রী প্রীতি-কে কানাডায় আসার জন্য স্পন্সর হয়েছেন। তিনি তাকে তিন বছরের জন্য আর্থিকভাবে সহায়তা করার প্রতিশ্রুতি দিয়েছেন। দুই বছর পর ধ্রুব ও প্রীতি-এর বিবাহবিচ্ছেদ হয়ে যায়। ধ্রুব -এর পক্ষ থেকে প্রীতি-কে আরও এক বছর আর্থিকভাবে সহায়তা করতে হবে।

### আপনার স্পন্সরের কাছ থেকে আপনাকে আইনিভাবে আর্থিক সহায়তা চাইতে হবে

আপনার স্পন্সর আর্থিক সহায়তা না দিলে আপনি সোশ্যাল অ্যাসিস্টেন্স বা সামাজিক সহায়তার জন্য সরকারের কাছে আবেদন করার কথা বিবেচনা করতে পারেন (উদাহরণস্বরূপ, ওন্টারিও ওয়ার্কস)। সামাজিক সহায়তার জন্য যোগ্য হতে প্রথমে আপনাকে আপনার সমস্ত আর্থিক সম্পদ বিবেচনায় নিতে হবে। এতে আপনার জামিনদারের কাছ থেকে প্রাপ্ত সহায়তার প্রতিশ্রুতিও অন্তর্ভুক্ত। জামিনদার সহায়তা প্রদান না করলে অবশ্যই তাকে আর্থিক সহায়তা প্রদান করতে বলতে হবে। জামিনদার তার প্রতিশ্রুতি পালন না করলে আপনাকে সামাজিক সহায়তার (উদাহরণ: কল্যাণ) জন্য প্রত্যাখ্যান করা হবে না, তবে সামাজিক সহায়তার জন্য আবেদন করতে হলে আপনাকে আপনার জামিনদার সম্পর্কে তথ্য প্রদান করতে হবে।

কিছু পরিস্থিতিতে আপনাকে স্পন্সরের কাছ থেকে আর্থিক সহায়তা নাও চাইতে হতে পারে

### এরকম পরিস্থিতির উদাহরণ হলো:

- স্পন্সর সামাজিক সহায়তা গ্রহণ করলে
- স্পন্সর মারা গেলে
- পারিবারিক সহিংসতা ঘটে থাকলে এবং স্পন্সরের কাছ থেকে সহায়তা চাওয়া নিরাপদ না হলে

### অঙ্গীকার কি বাতিল করা যায়?

IRCC স্থায়ী আবাসের (PR) আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগেই কেবল অঙ্গীকার বাতিল করা যেতে পারে। IRCC প্রত্যাহারের বিষয়টি অনুমোদন করলেই কেবল জামিনদার অঙ্গীকার প্রত্যাহার করতে পারেন।

যে ব্যক্তির জন্য জামিন দেওয়া হচ্ছে তিনি স্থায়ী বাসিন্দা (PR) হওয়ার পরে অঙ্গীকার বাতিল করা যাবে না।

### জামিনদারি ঋণ বা স্পন্সরশীপ ডেট

জামিনপ্রাপক ব্যক্তি জামিনদারির অঙ্গীকারের সময়কালে সামাজিক সহায়তা পেলে জামিনদারের কাছ থেকে সরকারের এই অর্থ পাওনা হবে।

জামিনদারের যদি জামিনদারি ঋণ থাকে:

- ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত তারা পরিবারের অন্য কোনো সদস্যের জন্য জামিনদার হতে পারবেন না
- সরকার অর্থ সংগ্রহ করতে শুরু করবে। তারা জামিনদারকে আদালতে নিয়ে যেতে পারেন বা সংগ্রহ কার্যক্রম শুরু করতে পারেন। ক্রেডিট কার্ড বিল বা বন্ধক পরিশোধ করা না হলে যেমনটি হয় এই প্রক্রিয়া তেমনি হবে। তারা আপনার পাওনা কর রেয়াত থেকেও ঋণ সংগ্রহ করতে পারে।

## জামিনদারি ঋণ কি মকুব করা যবে?

জামিনদারি ঋণ মকুব করা যবে না। এটি কেবল বিলম্বিত করা যেতে পারে।

## জামিনদারি ঋণ পুনরুদ্ধার বিলম্বিতকরণ

কিছু পরিস্থিতিতে সরকার জামিনদারের থেকে ঋণ আদায় বিলম্বিত করবে।

এই পরিস্থিতির কিছু উদাহরণ হলো:

- জামিনদার অক্ষম হলে (তাদের নিজস্ব অর্থ সহায়তা পরিচালনা করার সক্ষমতা নেই)
- জামিনদার দেউলিয়া হয়ে গেলে
- জামিনদার বিশেষ পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছেন
- জামিনদার জামিনপ্রাপক ব্যক্তির কাছ থেকে পারিবারিক সহিংসতার সম্মুখীন হচ্ছেন